লেন্স এশিয়া

LENS ASIA

৪ মার্চ, ২০২৬

# ভারত নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়তে আগ্রহী



সংগৃহীত ছবি

ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা জানিয়েছেন, নতুন বাংলাদেশী সরকারের সঙ্গে দেশটি ঘনিষ্ঠভাবে কাজ করতে আগ্রহী। তিনি বলেছেন, নয়াদিল্লি চাইছে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও বিস্তৃত ও গতিশীল হোক।

মঙ্গলবার (৩ মার্চ) সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে হাইকমিশনার এই মন্তব্য করেন। তিনি বলেন, পারস্পরিক স্বার্থ ও সুবিধার ভিত্তিতে ইতিবাচক ও গঠনমূলক সম্পর্ক এগিয়ে নেওয়াই ভারতের লক্ষ্য। বৈঠকে দুই দেশের ঐতিহাসিক সম্পর্ককে সামনে রেখে ভবিষ্যতের অংশীদারিত্ব জোরদার করার বিষয়েও আলোচনা হয়।

প্রণয় ভার্মা জানিয়েছেন, উন্নয়ন, প্রযুক্তি বিনিময়, ডিজিটাল অন্তর্ভুক্তি এবং স্থানীয় সরকার ব্যবস্থার শক্তিশালীকরণসহ বিভিন্ন খাতে জনমুখী সহযোগিতা বাড়ানোর বিষয়ে মতবিনিময় হয়েছে। বিশেষ করে স্থানীয় সরকার কাঠামোর আধুনিকায়ন ও দক্ষতা বৃদ্ধিতে বাংলাদেশকে সঙ্গে নিয়ে যৌথভাবে কাজ করতে চায় ভারত। বৈঠকে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও জনকল্যাণমূলক প্রকল্প বাস্তবায়ন এবং এসব ক্ষেত্রে ভারতের কারিগরি ও কৌশলগত সহায়তা নিয়েও আলোচনা হয়েছে।

তিনি আরও বলেন, ভারত একটি গণতান্ত্রিক, প্রগতিশীল ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশকে সমর্থন করে এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট সব ক্ষেত্রে সংলাপ ও সহযোগিতা অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রণয় ভার্মা আশা প্রকাশ করেন, এই সহযোগিতা দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে ভবিষ্যতে আরও শক্তিশালী করবে।